গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০২.০১৩.২০২২/ ১৪৮

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি:

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ আবদুল্লাহ-আল -মামুন, কর পরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, ঢাকা জাতীয় রাজস্ব বোর্ডের ২২ জুন ২০২৫ তারিখের ০৮.০১.০০০০.০০০.১৯.০০০১.২১.৩৩ নং স্মারকমূলে জারিকৃত ০৫ (পাঁচ) জন উপকর কমিশনারের বদলির আদেশ অবজ্ঞাপূর্বক প্রকাশ্যে ছিঁড়ে ফেলার মাধ্যমে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করায় এবং এর মাধ্যমে বদলি আদেশ অমান্যকারীগণকে সমর্থন করায় তাঁর বিরুদ্ধে তদন্তপূর্বক বিভাগীয় কার্যধারা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা মোতাবেক জনাব মোঃ আবদুল্লাহ-আল-মামুন, কর পরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত)-কে সংশ্লিষ্ট কর কমিশনারের কার্যালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োগপূর্বক সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়।

০৩। যেহেতু, জনাব মোঃ আবদুল্লাহ-আল -মামুন, কর পরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হয়। একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন তাঁকে 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না, তা উক্ত বিধিমালা ৭(১)(খ) বিধি অনুযায়ী 'অভিযোগনামা' প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হয়। আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি না তাও নির্ধারিত সময়ের মধ্যে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়।

০৪। যেহেতু, জনাব মোঃ আবদুল্লাহ-আল-মামুন, কর পরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্ত হয়ে ধার্যকৃত সময়ের মধ্যে জবাব দাখিল করেন এবং তিনি নির্ধারিত সময়ের মধ্যে শুনানিতে অংশগহণ করেন।

০৫। যেহেতু, জনাব মোঃ আবদুল্লাহ-আল-মামুন, কর পরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় তদন্তের জন্য জনাব মোঃ জাফর ইমাম, প্রথম সচিব (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ডকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়।

০৬। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে দেখা যায়, জনাব মোঃ আবদুল্লাহ-আল -মামুন, কর পরিদর্শক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে জাতীয় রাজস্ব বোর্ডের জারিকৃত বদলি আদেশ আইনসঙ্গত কারণ ব্যতিরেকে অবজ্ঞাপূর্বক ইলেকট্রিক ও প্রিন্ট মিডিয়ার সামনে প্রকাশ্যে ছিঁড়ে ফেলার মাধ্যমে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করা এবং এর মাধ্যমে বদলি আদেশ অমান্যকারীকে সমর্থন করার অভিযোগটি অকাট্যরূপে প্রমাণিত হয়নি।

০৭। যেহেতু, উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলা সিংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ সার্বিক বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান এবং সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৮। সেহেতু, জনাব মোঃ আবদুল্লাহ-আল-মামুন, কর পরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে 'অসদাচরণ' অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। একই সঙ্গে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩.০৯.২০২৬

(আহসান হাবিব)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০২.০১৩.২০২২/

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/কর নীতি/কর আপীল ও অব্যাহতি/করজরীপ ও পরিদর্শন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/কর অডিট/ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/কর তথ্য ব্যবস্থাপনা সেবা/ 'ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্সসেল, জাতীয় রাজস্ব বোঁড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএসকর একাডমেী, ঢাকা/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
০৫। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল/আন্তর্জাতিক কর ইউনিট, বাংলাদেশ, ঢাকা।
০৬। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/নোয়াখালী/দিনাজপুর/ফরিদপুর/নরসিংদী/পাবনা।
০৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
০৮। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪/৫/৬, ঢাকা/খুলনা/চট্টগ্রাম-১/২/রাজশাহী/রংপুর।
০৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ)।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক........................../ জেলা হিসাবরক্ষণ অফিসার, ...............................
১৩। দ্বিতীয় সচিব (কর-১/৬/৭), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (পিডিএস এ সংযোজনের জন্য)।
১৪। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১/৩/৫)/হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫। জনাব মোঃ আবদুল্লা- আল-মামুন, কর পরিদর্শক, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

২৩.০৯.২০২৬

(আহসান হাবিব)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা